

## টাইমস হায়ার এডুকেশনের বিষয়ভিত্তিক র্যাংকিংয়ে এনএসইউ'র জয়জয়কার

নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) টাইমস হায়ার এডুকেশন ওয়ার্ল্ড ইউনিভার্সিটি বিষয়ভিত্তিক র্যাংকিং ২০২৪-এ উল্লেখযোগ্য র্যাংকিং অর্জন করে আবারও তার একাডেমিক উৎকর্ষতার স্বাক্ষর রেখেছে। লন্ডনে বৃহস্পতিবার আনুষ্ঠানিকভাবে এই র্যাংকিং উন্মোচন করা হয়।

পাঁচটি ভিন্ন বিষয়ে এনএসইউ'র সাফল্য উঠে এসেছে। বিজনেস অ্যান্ড ইকোনমিকস বিভাগে এনএসইউ'র অবস্থান ৫০১-৬০০ এর মধ্যে। এই অর্জন এনএসইউকে দেশের সরকারি ও বেসরকারি উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শীর্ষে রেখেছে।

টাইমস হায়ার এডুকেশনের ১১টি বিষয়ের মধ্যে, সোশাল সায়েন্সেস ৫০১-৬০০ র্যাংকিংয়ে অবস্থান করে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শীর্ষে রয়েছে এনএসইউ। এছাড়া, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং উভয়ক্ষেত্রেই ৬০১-৮০০ র্যাংকিংয়ে অবস্থান করে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শীর্ষস্থান লাভ করেছে এনএসইউ। ক্লিনিক্যাল অ্যান্ড হেলথ বিভাগে এনএসইউ'র অবস্থান ৬০১-৮০০ র্যাংকিংয়ের মধ্যে।

এনএসইউ উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম এই অর্জনে সন্তোষ প্রকাশ করে বলেন, “শিক্ষা একটি জাতির অগ্রগতির চাবিকাঠি এবং এনএসইউ তার শিক্ষার্থীদের বিশ্বমানের শিক্ষা প্রদানে নিবেদিত। এই র্যাংকিং একাডেমিক শ্রেষ্ঠত্বের প্রতি আমাদের অবিচল অঙ্গীকারের প্রমাণ।”

এখানে পাঁচটি বিষয়ের লিঙ্ক রয়েছে

বিজনেস অ্যান্ড ইকোনমিকস: <https://www.timeshighereducation.com/world-university-rankings/2024/subject-ranking/business-and-economics>

সোশাল সায়েন্সেস: <https://www.timeshighereducation.com/world-university-rankings/2024/subject-ranking/social-sciences>

ক্লিনিক্যাল অ্যান্ড হেলথ: <https://www.timeshighereducation.com/world-university-rankings/2024/subject-ranking/clinical-health>

কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং: <https://www.timeshighereducation.com/world-university-rankings/2024/subject-ranking/computer-science>

লাইফ সায়েন্সেস: <https://www.timeshighereducation.com/world-university-rankings/2024/subject-ranking/life-sciences>। ■ সংবাদ বিজ্ঞপ্তি